



টিএমএসএস নিয়োগ বিজ্ঞপ্তি

টিএমএসএস জাতীয় পর্যায়ে একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। অত্র সংস্থা কর্তৃক পরিচালিত ট্রেনিং এ্যান্ড এডুকেশন সেন্টার (TES)-এর এখতিয়ারে টিএমএসএস পলিটেকনিক ইন্সটিটিউট (TPI), জয়পুরহাট ও টিএমএসএস পলিটেকনিক ইন্সটিটিউট (TPI), নাটোর-এর জন্য নিম্ন বর্ণিত পদে জনবল নিয়োগের উদ্দেশ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে শর্তপূরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	টেকনোলজি ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বেতন-ভাতা ও বয়স
০১	অধ্যক্ষ TPI নাটোর ও TPI জয়পুরহাট	প্রতিটি প্রতিষ্ঠানে ০১ জন করে মোট ০২ জন	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাশ এবং যে কোন স্বনামধন্য পলিটেকনিক ইন্সটিটিউটে শিক্ষকতা পেশায় কমপক্ষে ০৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন ভাতা: TIT-পে-স্কেলের ০১নং গ্রেড অনুসারে সর্বসাকুল্যে ৪২,২০০/-, তবে শিক্ষানবিশকাল ০৬ মাস, উক্ত সময়ে ৩৯,০০০/- টাকা প্রদান করা হবে। বয়স: সর্বোচ্চ ৪৫ বছর।
০২	জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক) লেভেল-১, TPI, জয়পুরহাট	গণিত, পদার্থ, রসায়ন, ইংরেজি ও হিসাববিজ্ঞান। প্রতি বিষয়ে ০২ জন করে মোট ১০ জন	যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষকতা পেশায় অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। বেতন ভাতা: TIT-পে-স্কেলের ০৬নং গ্রেড অনুসারে সর্বসাকুল্যে ১৩,৭৩০/-, তবে শিক্ষানবিশকাল ০৬ মাস, উক্ত সময়ে ১২,৩৫০/- টাকা প্রদান করা হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।
০৩	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) লেভেল-২, TPI, জয়পুরহাট	সিভিল, কম্পিউটার ও ইলেকট্রিক্যাল। প্রতিটি টেকনোলজিতে ০৪ জন করে মোট ১২ জন	যে কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। শিক্ষকতা পেশায় অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। বেতন ভাতা: TIT-পে-স্কেলের ০৭নং গ্রেড অনুসারে সর্বসাকুল্যে ১১,৯৮৮/-, তবে শিক্ষানবিশকাল ০৬ মাস, উক্ত সময়ে ১০,৬৬০/- টাকা প্রদান করা হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।

বি: দ্র: টিএমএসএস-এ কর্মরত প্রার্থীরা SR TMSS অনুসারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত আবেদন করলে তা গ্রহণযোগ্য হবে না।

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সচল মোবাইল নম্বর, পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি এবং ই-মেইল এ্যাড্রেসসহ আবেদন ভারপ্রাপ্ত প্রধান (এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন) বরাবর করতে হবে এবং আবেদনপত্র আগামী ১২/০৪/২০২৬ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে টিএমএসএস ফাউন্ডেশন অফিস, রংপুর রোড, ঠেঁজামারা, বগুড়া-৫৮০০ ঠিকানায় পৌঁছাতে হবে।
- সকল পদে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৩০০/- টাকার মানি রশিদ অথবা ব্যাংক জমার মূল রশিদ (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
 - সংস্থার যে কোন শাখা, অঞ্চল, জোন, ডোমেইন অফিস, ফাউন্ডেশন অফিস ও প্রধান কার্যালয় হতে ১০/- টাকা সার্ভিস চার্জ দিয়ে পরীক্ষার ফি বাবদ মানি রশিদ সংগ্রহ করতে হবে। অথবা
 - যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে শুধুমাত্র “টিএমএসএস” শিরোনামে রূপালী ব্যাংক পিএলসি, টিএমএসএস শাখা, হিসাব নং-৪১৬৮০২৪০০০০১৬ বা অগ্রণী ব্যাংক পিএলসি, শিববাটি শাখা, হিসাব নং-০২০০০০৫৩৯৭১০৭ বা সোনালী ব্যাংক পিএলসি, কলেজ রোড শাখা, হিসাব নং-০৬০৯৮০২০০০৪০৩ এ টাকা জমা করে টাকা জমাদানের মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে SMS/মোবাইল ফোন কলের মাধ্যমে জানানো হবে (এজন্য আবেদনে সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে)।
- খামের উপর পদের নাম ও টেকনোলজি স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় সংস্থা কর্তৃক নির্ধারিত পরিমাণ জামানত (লভ্যাংশসহ ফেরতযোগ্য) প্রদান করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।
- ইতিপূর্বে যারা টিএমএসএস-এর চাকরি হতে অব্যাহতি দিয়েছেন আবেদন করার ক্ষেত্রে তাদেরকে টিএমএসএস এর কর্ম অভিজ্ঞতা অবশ্যই উল্লেখ করতে হবে। তবে টিএমএসএস কর্তৃক চাকরিচ্যুত কর্মীদের আবেদন করতে নিরুৎসাহিত করা হলে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ বা ব্যাখ্যা ছাড়াই আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ফোন: ০২৫৮৮৮৭৭৩০৫, ০২৫৮৮৮৭৭৩০৯ [www: tmss-bd.org](http://www.tmss-bd.org)

ভারপ্রাপ্ত প্রধান
(এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন)

পিটি-২২/২৬